



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.১৬.০০০০.০৩২.৩১(১৩).০১৩.২২/৬৩৪

তারিখঃ ১৭/০১/২০২৩ খ্রিঃ

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন হাট-বাজার/খেয়াঘাট/সায়রাত মহাল ১৪৩০ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নিম্নে বর্ণিত হাট-বাজার/খেয়াঘাট/ সায়রাত মহাল সমূহ ১৪৩০ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত (১ বছর মেয়াদে) অস্থায়ী ইজারা প্রদানের জন্য অগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত সময়সূচী মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র অফিস চলাকালীন সময়ে নগর ভবনের হিসাব শাখা, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয়ে স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর কার্যালয়, সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং উক্ত কার্যালয় সমূহে রক্ষিত দরপত্র বাঞ্ছে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র জমা দেওয়া যাবে। গৃহীত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী নগর ভবনে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য সিটি কর্পোরেশনের ০৩ (তিন) টি আঞ্চলিক কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্রের সহিত অবশ্যই **জাতীয় পরিচয় পত্রের ফটোকপি** সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে দরদাতার (প্রস্তাবিত) **দরের ১০০% অর্থ** মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। **ইজারাদারকে প্রস্তাবিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত আরও ১৫% ভ্যাট, ১০% আয়করের সমপরিমান** টাকার পে-অর্ডার দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে এবং ইজারা প্রাপ্তির পর ৫% জামানত পরিশোধ করত: ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প সিটি কর্পোরেশনের সহিত চুক্তিপত্র সম্পাদনের পর বাজার/খেয়াঘাট স্ট্যান্ডের দখল বুঝিয়ে দেয়া হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী দরপত্রের সঙ্গে লিপিবদ্ধ রয়েছে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। দরপত্রের বিষয়ে বিস্তারিত জানতে সিটি কর্পোরেশনের ওয়েব পেইজ www.ncc.gov.bd দেখা যেতে পারে।

ক্র: নং	হাটবাজার/খেয়াঘাট/সায়রাত মহালের নাম	বায়নার পরিমান (প্রস্তাবিত মূল্যের)	দরপত্র মূল্য (অফেরতযোগ্য)
১	গোদনাইল হাট-বাজার	১০০%	১,০০০/-
২	ভগবানগঞ্জ বাজার	১০০%	১,০০০/-
৩	কালীর বাজার	১০০%	১,০০০/-
৪	বন্দর বাজার	১০০%	২,৪০০/-
৫	ইম্পাহানী বাজার	১০০%	১,০০০/-
৬	মদনগঞ্জ বাজার	১০০%	৫০০/-
৭	সোনাকান্দা হাট	১০০%	১,৪০০/-
৮	নবীগঞ্জ সিএনজি স্ট্যান্ড, কামাল উদ্দিনের মোড়সহ (ফেরীদ্বারা পারাপারের কোন যানবাহনই স্ট্যান্ডের টোলের আওতাভুক্ত নহে)।	১০০%	১৪,৪০০/-
৯	বন্দর ১ নং খেয়াঘাট রোড পাশ্বস্থ সি এনজি পাকিং স্ট্যান্ড	১০০%	২,৪০০/-
১০	সোনা মিয়া বাজার পশু জবাইখানা	১০০%	৫০০/-
১১	সিদ্ধিরগঞ্জ বাজার পশু জবাই খানা।	১০০%	৫০০/-
১২	পশ্চিম পাড় নিতাইগঞ্জ ত্রিবেণী খেয়াঘাট, পূর্বপাড় বন্দর থানা খেয়াঘাট।	১০০%	১,৬০০/-
১৩	পশ্চিমপাড় বরফকল খেয়াঘাট, পূর্বপাড় জামাল সোপ ফ্যাক্টরী খেয়াঘাট।	১০০%	২,৬০০/-
১৪	পশ্চিমপাড় লক্ষীনারায়ণ খেয়াঘাট, পূর্বপাড় চৌরাপাড়া খেয়াঘাট।	১০০%	২,৮০০/-
১৫	পশ্চিমপাড় মীরপাড়া খেয়াঘাট, পূর্বপাড় উত্তর লক্ষন খোলা খেয়াঘাট।	১০০%	১,০০০/-
১৬	পশ্চিমপাড় সুমীল পাড়া, পূর্বপাড় সাধুর ঘাট খেয়াঘাট।	১০০%	১,০০০/-

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচী:

ক্রমিক নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম দফা	২৯/০১/২০২৩ খ্রিঃ হতে ০১/০২/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	০২/০২/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	০২/০২/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
২য় দফা	১৪/০২/২০২৩ খ্রিঃ হতে ১৬/০২/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯/০২/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	১৯/০২/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৩য় দফা	১৩/০৩/২০২৩ খ্রিঃ হতে ১৫/০৩/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৬/০৩/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	১৬/০৩/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৪র্থ দফা	২৫/০৪/২০২৩ খ্রিঃ হতে ২৭/০৪/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩০/০৪/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	৩০/০৪/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৫ম দফা	২৮/০৫/২০২৩ খ্রিঃ হতে ৩০/০৫/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩১/০৫/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	৩১/০৫/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৬ষ্ঠ বার	১২/০৬/২০২৩ খ্রিঃ হতে ১৪/০৬/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৫/০৬/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	১৫/০৬/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৭ম বার	২৪/০৭/২০২৩ খ্রিঃ হতে ২৬/০৭/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৭/০৭/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	২৭/০৭/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
৮ম বার	২৮/০৮/২০২৩ খ্রিঃ হতে ৩০/০৮/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩১/০৮/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	৩১/০৮/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা

৯ম বার	১৭/০৯/২০২৩ খ্রিঃ হতে ১৯/০৯/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	২০/০৯/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	২০/০৯/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
১০ম বার	২৬/১০/২০২৩ খ্রিঃ হতে ৩০/১০/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩১/১০/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	৩১/১০/২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা

স্বাক্ষরিত

প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন-২২৪৪৩৩৪২৩
ceo@ncc.gov.bd